



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড

“এই যুগ
অ্যাপ”

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 14 OCTOBER 2026, WEDNESDAY | ১৪ অক্টোবর ২০২৬, বুধবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-310

মাদক মুক্ত ভারত সচেতনতা কর্মসূচি বাগডোগরা পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১৩ অক্টোবর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের পশ্চিম বিভাগ ২ এর উদ্যোগে মঙ্গলবার বাগডোগরা পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে আয়োজিত হয় মাদক মুক্ত ভারত সচেতনতা কর্মসূচি। উপস্থিত ছিলেন উক্ত বিভাগের সহকারী পুলিশ কমিশনার অনিবার্ন মজুমদার, বাগডোগরা থানার পুলিশ আধিকারিকগণ ও পুলিশ কর্মীরা সহ উত্তর পূর্ব ভারতের সাতটি রাজ্যের পুলিশ বাহিনীর প্রতিনিধিগণ। পুলিশ সূত্রে জানানো হয় মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে একটি মাদক মুক্ত সমাজ গড়ে তোলাই এই কর্মসূচির মূল লক্ষ্য।

পুজোর মুখে যানজট সহ দুর্ঘটনা এড়াতে তৎপর বারোবিশা ট্রাফিক গার্ড, ডাম্পার চলাচল নিয়ন্ত্রনে নির্দেশ জারি



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ অক্টোবর : দুর্গা পূজো মানেই বাংলা ও বাঙ্গালীর শ্রেষ্ঠ উৎসব। এই উৎসবের আগে রাস্তাঘাট হাট বাজারে মানুষের ব্যপক সমাগম ঘটে। মানুষের চলাচল স্বচ্ছন্দ করার লক্ষ্যে যান চলাচল নিয়ন্ত্রন করে দুর্ঘটনার আশঙ্কা কমাতে উদ্যোগী হলো আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার বারোবিশা ট্রাফিক গার্ড। মঙ্গলবার সন্ধ্যায় বারোবিশা ট্রাফিক গার্ডের ওসি চন্দন রায়ের নেতৃত্বে ট্রাফিক গার্ডের কর্মীরা কুমারগ্রাম জোড়াই রাজ্য সড়কে রাখানগর এলাকায় যান চলাচল নিয়ন্ত্রন করে চালকদের সতর্কতার সাথে পুজোর দিন গুলিতে গাড়ি চালানোর পরামর্শ দেন। কুমারগ্রামের দিক থেকে আসা বাসি ও পাথর বোবাই কয়েকটি ডাম্পার দাঁড় করিয়ে চালকদের দিনের বেলায় উৎসবের কয়েকটি দিন দিনের বেলা ডাম্পার চালাতে নিষেধ করা হয়েছে। রাত এগারোটার পর তাদের ডাম্পার চালাতে বলা হয়েছে। ট্রাফিক গার্ড সূত্রে জানানো হয় উৎসবের দিন কটিতে রাস্তা ঘাটে ব্যপক ভীড় হয়। এই ভীড়ের মধ্যে ডাম্পারের মতো ভারী গাড়ি চলাচল করলে যানজট ও দুর্ঘটনার আশঙ্কা থাকে। এই আশঙ্কা দূর করে মানুষের উৎসবের আনন্দ উপভোগ নিবিষ্ট করার লক্ষ্যেই এই উদ্যোগ। উৎসবের দিন গুলিতে ডাম্পার চলাচল নিয়ন্ত্রনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন এলাকাবাসী। তারা বলেন ডাম্পার গুলো যেরকম বেপরোয়া ভাবে চলাচল করে তাতে উৎসবের ভীড়ে যে কোন মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে। উৎসবের কদিন ডাম্পার চলাচল নিয়ন্ত্রিত থাকলে দুর্ঘটনার আশঙ্কা কমবে বলেই তাদের ধারণা।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

উদ্ধার আগ্নেয়াস্ত্র ও কার্তুজ ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,১৩ অক্টোবর : মালদহ জেলা পুলিশের হরিশচন্দ্রপুর থানার স্পেশাল মোবাইল অফিসার নির্ভরযোগ্য সূত্রে খবর পান থানা এলাকার হরকাবাথান গ্রামের বাসিন্দা ইশাক আলি একটি অবৈধ আগ্নেয়াস্ত্র কিনে ঐ গ্রামের বাসিন্দা কালাম আলির বাড়িতে লুকিয়ে রেখেছে। খবর পেয়ে পুলিশ হরকাবাথান গ্রামের কালাম আলির বাড়িতে তল্লাশী অভিযান চালায়। তল্লাশীর সময় একজন নিরপেক্ষ সাক্ষীর উপস্থিতিতে বাড়ি থেকে একটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড কার্তুজ উদ্ধার করে গ্রেপ্তার করা হয় কালাম আলি ও ইশাক আলি কে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

উদ্ধার দুহাজার দুশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,১৩ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের ডোমকল থানার পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার একটি গাড়ি আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় দু হাজার দুশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ। গ্রেপ্তার করা হয় গাড়ির চালককে। উদ্ধার করা কফ সিরাপ সহ গাড়িটি বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।

১৩০টি গাছ অবৈধভাবে কাটার অভিযোগে গ্রেপ্তার চা বাগানের ম্যানেজার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের ডিমা চা বাগানে প্রায় ১৩০টি ছায়া প্রদানকারী গাছ অবৈধভাবে কাটার অভিযোগে মঙ্গলবার বাগানের ম্যানেজার অভিযুক্ত রাহাকে গ্রেপ্তার করা হয়েছে। এরপর বস্ত্রা ব্যাঘ্র প্রকল্প কর্তৃপক্ষ তাঁকে পুলিশের হাতে তুলে দেয়। পরে আলিপুরদুয়ার আদালত থেকে তিনি জামিন পান। এই গ্রেপ্তারিকে কেন্দ্র করে চা শিল্প সংগঠন ও শ্রমিক ইউনিয়নের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। বন দপ্তর সূত্রে জানা গেছে, বাগান কর্তৃপক্ষ অতিরিক্ত ছায়ার কারণে নতুন চা পাতার উৎপাদন ব্যাহত হচ্ছে জানিয়ে নির্দিষ্ট কিছু অংশে গাছ কাটার অনুমতি নিয়েছিল। কিন্তু অভিযোগ ওঠে, অনুমোদিত এলাকার বাইরে অতিরিক্ত ১৩০টি গাছ কাটা হয়েছে। তদন্ত চলাকালীন রাহা লিখিতভাবে ক্ষমা চেয়ে জরিমানা দিতে রাজি হয়েছেন বলে জানা গেছে। তাঁর বিরুদ্ধে বন সংরক্ষণ আইন, ১৯৭২ অনুযায়ী মামলা রুজু করেছে পুলিশ। বনমন্ত্রী মনোজ কুমার গুঁরাও বলেন, “আইন নিজের হাতে তুলে নিলে কাউকে ছাড়া হবে না। উত্তরবঙ্গের অন্যান্য চা বাগানেও অবৈধভাবে গাছ কাটা হচ্ছে কি না, তা নিয়ে বিস্তারিত তদন্ত করা হবে।” এদিকে, মঙ্গলবার রায়গঞ্জ সামাজিক বন বিভাগের আধিকারিক ও পুলিশ উত্তর দিনাজপুরের ইটাহার থানার নন্দনগ্রাম ও চাপোট গ্রামে অবৈধ করাতকলে অভিযান চালিয়ে যন্ত্রপাতি, কাঠ ও অন্যান্য সরঞ্জাম বাজেয়াপ্ত করেছে। বিভাগীয় বন আধিকারিক ভূপেন বিশ্বকর্মা জানান, পূর্বের সতর্কবার্তা উপেক্ষা করায় মিল মালিকদের বিরুদ্ধে মামলা করা হবে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

বন্ধ চা বাগানে শ্রম অ্যাকাউন্টে দুকল ফাউলাইয়ের ২৫,৫০০ টাকা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ অক্টোবর : দুর্গাপুজোর আগেই বড় উপহার পেলেন আলিপুরদুয়ার জেলার বন্ধ মধু চা বাগানের শ্রমিকরা। বাগানের শ্রমিকদের অ্যাকাউন্টে ফাউলাই ভাতা বাবদ ২৫ হাজার ৫০০ টাকা দুকতে শুরু করেছে। আর তাতেই শ্রমিকদের মুখে চওড়া হাসি। জানা গেছে, ২০২৪ সাল থেকে বন্ধ হয়ে পড়ে রয়েছে আলিপুরদুয়ার জেলার মধু চা বাগান। বাগান বন্ধ হওয়ার পর থেকে শ্রমিকরা ফাউলাই ভাতা পাননি। রাজ্যে নতুন সরকার আসার পর বন্ধ চা বাগানের শ্রমিকদের ফাউলাই ভাতা প্রদানের উদ্যোগ নেওয়া হয়। এই উদ্যোগে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন কালচিনির বিধায়ক তথা রাজ্যের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা এবং আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্লা সহ একাধিক নেতৃত্ব। তাঁদের উদ্যোগেই পুজোর আগে শ্রমিকদের অ্যাকাউন্টে টাকা দুকতে শুরু করেছে। এখনও পর্যন্ত বাগানের অধিকাংশ শ্রমিকের অ্যাকাউন্টে এই টাকা দুকে গিয়েছে। কিছু শ্রমিক এখনও বাকি রয়েছেন, তাঁদের টাকা দেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানা গেছে। এ বিষয়ে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা জানান, “আমরা বন্ধ চা বাগানের শ্রমিকদের ফাউলাই ভাতা প্রদানের উদ্যোগ নিয়েছি। শুধু ভাতাই নয়, বাগান যাতে শীঘ্রই খোলে তারও চেষ্টা চালাচ্ছি আমরা। ইতিমধ্যে অনেকেই ভাতা পেয়ে গিয়েছেন। যবে থেকে বাগান বন্ধ ,ততদিনের হিসেবে প্রায় ২৫ হাজার ৫০০ টাকা প্রত্যেকের অ্যাকাউন্টে দুকেছে। যারা এখনও পাননি, পুজোর আগেই যাতে তাঁরা পেয়ে যান , সেই চেষ্টা চলছে।” আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্লা জানান বিগত সরকার চা শ্রমিকদের শুধু ভাতা দিয়ে গেছে তাদের বঞ্চিত করে গিয়েছে কিন্তু বর্তমান চার মাসের সরকার চা শ্রমিকদের জন্য উদ্যোগ নিয়েছে বন্ধ চা বাগানের শ্রমিকদের জন্য পুজোর পূর্বে ফাউলাই ভাতার সমস্ত টাকা প্রদান করছে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

